জাতীয় শোক দিবস সংখ্যা

# ধান গবেষণা সমাচার

BRRI NEWSLETTER

তেত্রিশ বর্ষ সংখ্যা ৪ আশ্বিন-অগ্রহায়ণ ১৪৩০ July-September 2023

## জাতীয় শোক দিবস পালন




বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস গত ১৫ আগষ্ট ২০২৩ যথাযথ মর্যাদার সঙ্গে পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে মাসব্যাপী কর্মসূচির মধ্যে ছিল- জাতীয় পতাকা অর্ধনমিতকরণ, কালো ব্যাজ ধারণ, শোক র‍্যালি, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র ও বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক আলোকচিত্র প্রদর্শনী, শিক্ষার্থীদের চিত্রাঙ্কণ প্রতিযোগিতা, বিশেষ দোয়া। ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর শোক দিবসের সকালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে ব্রিতে ক্রিয়াশীল সংগঠনগুলো বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর ব্রির মহাপরিচালকের নেতৃত্বে একটি শোক র‍্যালি ব্রি সদর দপ্তরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক আলোকচিত্র প্রদর্শণীর উদ্বোধন করা হয়। বাদ আসর ব্রি কেন্দ্রীয় জামে মসজিদে কোরআনখানি ও বিশেষ দোয়ার আয়োজন করা হয়। এ সময় বঙ্গবন্ধুসহ তাঁর পরিবারের সকল শহীদ সদস্যদের বিদেহী আত্মার মাগফিরাত এবং দেশ ও জাতির কল্যাণ ও অগ্রগতি কামনায় বিশেষ মোনাজাত করা হয়।

*বাকী অংশ পৃষ্ঠা ৪*

## National Mourning Day Observed

The 48th death anniversary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and National Mourning Day on 15th August was observed at Bangladesh Rice Research Institute (BRRI) with due respect and solemnity. BRRI has been observing National Mourning Day since the beginning of the month with different programmes that includud: hoisting of the national flag at half-mast, wearing black badges, mourning rally, placing, floral wreath, discussion, documentary flim show and photo exhibition, students drawing, writing and speech competition. Director General of BRRI Dr Md Shahjahan Kabir placed floral wreath at the Institute's Bangabandhus Mural. Then different organizations of BRRI also placed floral wreath. After Asar prayer Qurankhani, Special Doa also offered at the BRRI Central Mosque. Special prayer was offered seeking divine blessings for the peace of the souls of Father of the Nation

*See page 4*

## এপিএ বাস্তবায়নে ব্রি শীর্ষে




কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে স্বমূল্যায়িত প্রতিবেদন ও প্রমাণকের ভিত্তিতে এপিএ টিম, কৃষি মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত মূল্যায়নে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) শীর্ষস্থান অর্জন করেছে। নির্ধারিত একশ স্কোরের মধ্যে ব্রি পেয়েছে ৯৮.৮৮। কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব তাসলিমা আহমেদ পলি স্বাক্ষরিত চিঠিতে এ তথ্য জানানো হয়েছে। এরপর দ্বিতীয় ও তৃতীয় অবস্থানে রয়েছে যথাক্রমে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল-বিএআরসি (৯৮.০০) এবং জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি-নাটা (৯৭.৪০)।

*বাকী অংশ পৃষ্ঠা ৪*

## BRRI tops in APA implementation

Among the 17 departments/organizations under the Ministry of Agriculture, Bangladesh Rice Research Institute (BRRI) ranked top position in the final evaluation by the APA team, Ministry of Agriculture for the implementation of the Annual Performance Agreement (APA) for the financial year 2022-23. BRRI scored 98.88 out of 100. This was informed in a letter signed by Taslima Ahmed poly, Senior Assistant Secretary of the Ministry of Agriculture.

*See page 4*

## ব্রিতে দেশীয় উপযোগী কৃষিযন্ত্র প্রস্তুত ও বাজারজাতকরণ বিষয়ে মতবিনিময় সভা

গত ১৭ সেপ্টেম্বর ২০২৩ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) দেশীয় উপযোগী অত্যাধুনিক কৃষিযন্ত্র প্রস্তুত ও বাজারজাতকরণ বিষয়ে বাংলাদেশ মেশিন টুল্‌সফ্যাক্টরি (বিএমটিএফ) এর একটি প্রতিনিধি দলের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। গাজীপুরে ব্রি সদর দপ্তরে যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের আয়োজনে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। বিএমটিএফ প্রতিনিধিদলের নেতৃত্ব দেন প্রতিষ্ঠানটির পরিচালক (উৎপাদন) ব্রিগেডিয়ার জেনারেল মুহসিন আলম এনডিসি, পিএসসি।




সভায় যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক ড. একেএম সাইফুল ইসলাম প্রকল্পের আওতায় উদ্ভাবিত ব্রি সিড সোয়ার মেশিন, ব্রি অটো সিড সোয়ার মেশিন, ব্রি রাইস ট্রান্সপ্লান্টার, ব্রি কম্বাইন হারভেস্টারসহ বিভিন্ন যন্ত্রপাতির বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করেন। সভায় ড. মো. শাহজাহান কবীর বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়তে আমরা কাজ করছি। স্মার্ট বাংলাদেশ গড়তে কৃষি যান্ত্রিকীকরণের উপর অধিক গুরুত্ব দিতে হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর মধ্যে পারস্পরিক সম্পর্ক ও সহযোগিতা শক্তিশালী করতে হবে। কৃষিযন্ত্র প্রস্তুত ও বাজারজাতকরণে বিএমটিএফ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

ব্রিগেডিয়ার জেনারেল মুহসিন আলম খাদ্যে দেশ স্বয়ংসম্পূর্ণতা অর্জনের ক্ষেত্রে ব্রির ভূমিকার ভূয়সী প্রশংসা করে বলেন, আমরা আশা করি ব্রির হাত ধরেই দেশে টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিত হবে। কৃষি যান্ত্রিকীকরণের ক্ষেত্রে বিএমটিএফ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের সঙ্গে কাজ করতে আগ্রহী বলেও তিনি উল্লেখ করেন। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী ড. মুন্নুজান খানম, এফএমপিএইচটি বিভাগের সিএসও এবং প্রধান ড. মো. দুররুল হুদা, বিএমটিএফ এর মহাব্যবস্থাপক (উৎপাদন) লে. কর্ণেল ইফতেখার মাহমুদ পিএসসি, ব্রির বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ। এর আগে বিএমটিএফ এর প্রতিনিধি দল ব্রির এফএমপিএইচটি বিভাগের ওয়ার্কশপ পরিদর্শন করেন।

## Discussion meeting on Manufacturing and Marketing of Indigenous Agricultural Machinery in BRRI

A discussion meeting was held on 17 September 2023 between Bangladesh Rice Research Institute (BRRI) and a representative team of 'Bangladesh Machine Tools Factory' (BMTF) on 'Production and Marketing of Advanced Agricultural Machinery suitable for Bangladesh'. The discussion meeting was held at BRRI Headquarter in Gazipur. The meeting was chaired by BRRI Director General Dr Md Shahjahan Kabir. The BMTF delegation was led by the organization's Director (Production) Brigadier General Mohsin Alam NDC, PSC. At the meeting, the director of the project for increasing the machinery research activities for mechanical cultivation of rice, Dr AKM Saiful Islam, presented detailed information on various machinery invented under the project such as BRRI Seed Sower Machine, BRRI Auto Seed Sower Machine, BRRI Rice Transplanter, BRRI Combine Harvester etc. Dr Md Shahjahan Kabir said in the meeting that we are working to build a smart Bangladesh by 2041 as per the declaration of the Honourable Prime Minister. To build a smart Bangladesh, more emphasis should be given on agricultural mechanization. In this case, it is necessary to strengthen the mutual relations and cooperation among the relevant institutions. BMTF can play an important role in producing and marketing agricultural machinery. Brigadier General Mohsin Alam highly appreciated BRRI's role in achieving self-sufficiency in food and said, ‘We hope that with BRRI's support, sustainable food security will be ensured in the country’. He also mentioned that BMTF is interested in working with Bangladesh Rice Research Institute in the field of agricultural mechanization. The discussion meeting was attended by BRRI Director (Administration and Common Service) Dr Md Abdul Latif, Coordinator of Higher Education and Research Dr Munnujan Khanam, CSO and Chief of FMPHTH Division Dr Md Durrul Huda, BMTF General Manager (Production) Lt. Colonel Iftekhar Mahmud PSC, BRRI Division Heads and relevant scientists. Earlier, the BMTF delegation visited the FMPHT workshop of BRRI.

## ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়া প্রতিনিধি দলের ব্রি পরিদর্শন

ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়া এর উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল গত ৩০ আগস্ট ২০২৩ গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর সদর দপ্তর পরিদর্শন করেন। বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (একাডেমিক এবং আন্তর্জাতিক) প্রফেসর ড. ইস্মি আরিফ ইসমাইল এর নেতৃত্বে প্রতিনিধিদলটি সকালে ব্রিতে পৌঁছে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর এর সঙ্গে সাক্ষাৎ করেন। পরে প্রতিনিধি দলটি ব্রির জ্যেষ্ঠ বিজ্ঞনীদের সঙ্গে এক মতবিনিময় সভায় মিলিত হন। ব্রির প্রশিক্ষণ ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান। সভায় প্রফেসর ড. ইস্মি আরিফ ইসমাইল ছাড়াও উপস্থিত ছিলেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, সফররত প্রতিনিধি দলের সদস্য ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়া এর কৃষি অনুষদের ডিন প্রফেসর ড. লোহ্



*বাকী অংশ পৃষ্ঠা ৩*

## Delegation from University Putra Malaysia visits BRRI

A high-level delegation from University Putra Malaysia (UPM) visited the headquarters of Bangladesh Rice Research Institute (BRRI) in Gazipur on 30 August 2023. The delegation led by University Pro Vice-Chancellor (Academic and International) Professor Dr Ismi Arif Ismail arrived in BRRI in the morning and met Honourable Director General of BRRI Dr Md Shahjahan Kabir Later on the delegation met with senior scientists of BRRI in an opinion exchange meeting. BRRI Director (Research) Dr Mohammad Khalekuzzaman presided over the opinion exchange meeting held in the meeting room of BRRI Training Complex. In addition to Professor Dr Ismi Arif Ismail, Director (Administration and Common Service) of BRRI Dr Md Abdul Latif, members of the

*See page 3*

# ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়া প্রতিনিধি দলের ব্রি পরিদর্শন

টেক চুয়েন, সহযোগী অধ্যাপক ও ডেপুটি ডিন (পোস্ট গ্রাজুয়েট, রিসার্চ এ্যান্ড ইন্টারন্যাশনাল) ড. নাথরাহ্ ফাতিন মোথ ইখসান, সহযোগী অধ্যাপক ড. মো. কামাল উদ্দিন এবং ব্রির বিভাগীয় প্রধানগণ। সভায় ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন উদ্ভিদ প্রজনন বিভাগের সিএসও এবং প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা। প্রতিনিধিদলের পক্ষে ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়া এর কার্যক্রম সম্পর্কে তথ্য উপস্থাপন করেন সহযোগী অধ্যাপক ড. নাথরাহ্ ফাতিন মোথ ইখসান। মতবিনিময় সভায় ভবিষ্যৎ গবেষণা সহযোগিতা, প্রশিক্ষণ কর্মসূচি জোরদার করা এবং সমঝোতা স্মারক বিষয়ে আলোচনা হয়। সভায় বক্তারা কৃষির উন্নয়নে ব্রি এবং ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়া এর মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিকরণের উপর গুরুত্বারোপ করেন। মতবিনিময় সভায় ভবিষ্যৎ গবেষণা সহযোগিতা, প্রশিক্ষণ কর্মসূচি জোরদার করা এবং সমঝোতা স্মারক বিষয়ে আলোচনা হয়। সভায় বক্তারা কৃষির উন্নয়নে ব্রি এবং ইউনিভার্সিটি পুত্রা মালয়েশিয়ার মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধিকরণ বিষয়ে গুরুত্বারোপ করেন।

# Delegation from University Putra Malaysia visits BRRI

visiting delegation Dean of the Faculty of Agriculture of University Putra Malaysia Professor Dr Loh Teck Chuen, Associate Professor and Deputy Dean (Post Graduate, Research and International) Dr Natrah Fatin Moth Ikhsan, Associate Professor Dr Kamal Uddin and all Division Heads of BRRI. CSO and Head of Plant Breeding Division Dr Khondkar Md Iftekharuddaula presented power points about the achievements and progress of BRRI in the meeting. Associate Professor Dr Nathrah Fatin Moth Ikhsan presented about the activities of University Putra Malaysia on behalf of the delegation. Future research collaborations, strengthening training programmes and MoU were discussed during the exchange of views. Speakers at the meeting emphasized on increasing mutual cooperation between BRRI and University Putra Malaysia in the development of agriculture.

# জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় উপকূলীয় অঞ্চলে মিষ্টি পানি ব্যবহারের মাধ্যমে ধানের উৎপাদন বৃদ্ধি সম্ভব




জলবায়ু পরিবর্তনের কারণে বিশ্বের ঝুঁকিতে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান বিশ্বে সপ্তম। জলবায়ুর সবচেয়ে বেশি ঝুঁকিতে আছে দেশের উপকূলীয় অঞ্চল। এ অঞ্চলের প্রায় ৫২ শতাংশ জমি বিভিন্ন মাত্রার লবণাক্ততায় ক্ষতিগ্রস্ত হচ্ছে। শুষ্ক মওসুমে প্রায় ১০ লক্ষ হেক্টর জমি পতিত থাকে। ক্লাইমেট স্মার্ট প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এসব পতিত জমিকে চাষের আওতায় আনা সম্ভব।

১০ সেপ্টেম্বর ২০২৩ খুলনার আভা সেন্টারে এসিআইএআর, অস্ট্রেলিয়া ও কেজিএফ, বাংলাদেশ এর অর্থায়নে পরিচালিত উপকূলীয় অঞ্চলে শস্য নিবিড়িকরণ প্রকল্পের মিড-টার্ম রিভিউ কর্মশালায় বিশেষজ্ঞ বক্তারা এসব অভিমত ব্যক্ত করেন।

কর্মশালার শুরুতে সিএসআইওআরও, অস্ট্রেলিয়ার প্রধান বিজ্ঞানী ও প্রকল্প পরিচালক ড. মো: মাইনুদ্দিন বিগত দুই বছরের গবেষণার ফলাফল বিস্তারিত তুলে ধরেন। অনুষ্ঠানে ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর বলেন, টেকনোলজি উদ্ভাবন, মিষ্টি পানির সংরক্ষণ এবং পোল্ডার ব্যবস্থাপনার মাধ্যমে দক্ষিণাঞ্চলে প্রায় অতিরিক্ত ৮ মিলিয়ন টন ধান উৎপাদন করা সম্ভব।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবশীষ সরকার বলেন বারি উদ্ভাবিত প্রযুক্তি এবং জাতসমূহ যেমন- সূর্যমুখী, তরমুজ, মুগবিন, পটেটো দক্ষিণাঞ্চলে আরো সম্প্রসারিত করতে হবে। অনুষ্ঠানের প্রধান অতিথি, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার বলেন, বাংলাদেশের কৃষিতে অনেক সফলতা রয়েছে এবং শস্যের নিবিড়তাও অনেক বৃদ্ধি পেয়েছে, কিন্তু দেশের দক্ষিণাঞ্চলে তা এখনো বৃদ্ধি করার সুযোগ রয়েছে। ঘাত সহনশীল জাত উদ্ভাবন এবং প্রযুক্তি সম্প্রসারণ ও ব্যবস্থাপনার মাধ্যমে লবণাক্ত দক্ষিণাঞ্চলে কৃষি উৎপাদন বৃদ্ধি করা সম্ভব।

অনুষ্ঠানে বাংলাদেশ, ভারত ও অস্ট্রেলিয়ার বিভিন্ন পর্যায়ের বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, গবেষণা প্রতিষ্ঠানের বিজ্ঞানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা ও মিডিয়া ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন।

# Combatting effects of Climate Change by using fresh water in coastal area: Rice production can be increased

Climate change has put Bangladesh at the 7th position among the countries at risk in the world. The coastal areas of the country are most vulnerable to climate change. About 52% of the land in this region is being affected by varying degrees of salinity. During the dry season, about 10 lakh hectares of land remain fallow. It is possible to bring these fallow lands under cultivation through the use of climate-smart technologies. These views were expressed by expert speakers at the Mid-Term Review Workshop of the project "Intensification of Crops in Coastal Areas" held at the Ava Center in Khulna on 10 September 2023. This project is being implemented with the funding of ACIAR, Australia and KGF, Bangladesh.

At the beginning of the workshop, Dr Md Mainuddin, Chief Scientist and Project Director of CSIRO, Australia, presented the detailed results of the research conducted over the past two years. Director General of BRRI Dr Md Shahjahan Kabir said that it is possible to produce an additional 8 million tons of rice in the southern region through technology innovation, freshwater conservation and polder management. Dr Debashish Sarkar, Director General of Bangladesh Agricultural Research Institute, said that BARI developed technologies and varieties such as sunflower, watermelon, mung bean, and potato need to be further expanded in the southern region. The Chief Guest of the programme, Dr Sheikh Mohammad Bakhtiar, Executive Chairman of Bangladesh Agricultural Research Council, said that Bangladesh has achieved significant success in agriculture and crop intensity has also increased significantly, but there is still room for improvement in the vulnerable southern region of the country. It is possible to increase production in the saline affected southern region through the development of stress-tolerant varieties and the expansion and management of technology. The event was attended by teachers from various universities in Bangladesh, India and Australia, scientists from research institutions, officials of the Department of Agricultural Extension and media personalities.

# Unveiling of ‘Chiranjeev Mujib’ souvenir




State Minister of Youth and Sports Md Zahid Ahsan Russel MP along with other guests unveiled the cover of the National Mourning Day collection titled as ‘Chiranjeev Mujib’. At that time all the Heads of BRRI divisions, scientists, officials, employees, labourers were present.

## এপিএ বাস্তবায়নে ব্রি শীর্ষে

বর্তমান সরকারের (২০০৯-২০২৩) সময়ে সরকারের প্রতিশ্রুত গবেষণা ও উন্নয়ন কার্যক্রম জোরদারকরণ, বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের সাথে সামঞ্জস্যপূর্ণ ফসলের জাত ও প্রযুক্তি উদ্ভাবনের অংশ হিসেবে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট হাইব্রিডসহ ৬১টি ইনব্রিড উফশী জাত উদ্ভাবন করেছে। জাতগুলো হলো-লবণাক্ত সহনশীল জাত ৯টি, জলমগ্নতা ও জলাবদ্ধতা সহনশীল ৩টি, খরা সহনশীল ৩টি, খরা পরিহারকারী ১টি, জোয়ার-ভাটা সহনশীল ২টি, সেমি-ডিপ ওয়াটার ১টি, লো-জিআই সম্পন্ন জাত ২টি, প্রিমিয়ার কোয়ালিটি ৭টি, জিংক সমৃদ্ধ ৭টি, হাইব্রিড ধান ৫টি, আউশের ৬টি, অনুকূল পরিবেশের ১৪টি জাত এবং ব্যাকটেরিয়াল ব্লাইট প্রতিরোধী জাত ১টি। এছাড়াও বর্তমান সরকারের সময়ে ধানের উৎপাদন ও ফলনোত্তর পর্যায়ে ব্যবহারের জন্য ১৭টি খামার যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়ন করেছে ব্রি।

## BRRI tops in APA implementation

Then Bangladesh Agricultural Research Council-BARC (98.00) and National Agricultural Training Academy (97.40) were in the second and third position respectively.

During the current government (2009-2023) government promised research and development Intensification of activities, crop varieties adapted to global climate change and as part of technology innovation, Bangladesh Rice Research Institute developed 61 inbred varieties along with hybrids.

In addition during the current government, for the production and post-harvest use BRRI has invented and developed 17 farm machinery.

## জাতীয় শোক দিবস পালন

জাতীয় শোক দিবস উপলক্ষে ২২ আগস্ট ২০২৩ ব্রি মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন। সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। ব্রির পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ, গাজীপুর মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মো. আতাউল্যাহ মন্ডল এবং বঙ্গবন্ধু পরিষদ গাজীপুর মহানগর শাখার সাধারণ সম্পাদক এডভোকেট আব্দুল হাদী শামিম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

জাতীয় শোক দিবস উপলক্ষে ব্রি সদরদপ্তর এবং ব্রির সকল আঞ্চলিক কার্যালয়ে নানা কর্মসূচি পালিত হয়েছে। এর অংশ হিসেবে বিশেষ ব্যানার টানানোসহ বিশেষ মোনাজাত ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

১৯৭৫ সালের ১৫ আগস্ট হচ্ছে স্বাধীন বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে কালো একটি দিন। এ দিনে বাংলাদেশের স্থপতি ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কিছু বিপথগামী সেনা সদস্যের হাতে তাঁর পরিবারের অধিকাংশ সদস্যসহ শহীদ হন। বঙ্গবন্ধুর দুই কন্যা শেখ হাসিনা ও শেখ রেহানা ওই সময় বিদেশে অবস্থান করার কারণে প্রাণে বেঁচে যান।

## National Mourning Day Observed

A commemorative discussion programme was held at the BRRI Auditorium on 22 August 2023 remembering Bangabandhu Sheik Mujibur Rahman along with his martyred family members and praying for the continued peace, progress and prosperety of the country.

State Minister of Youth and Sports Md Zahid Ahsan Russel MP was present as the Chief Guest and delivered his speech. Director General of BRRI presided over the discussion programme where Director (Research) Dr Mohammad Khalequzzaman, Director (Administration and Common Service) Dr Abdul Latif, Ataullah Mondal, General Secretary of Gazipur City Awamelague and Advocate Abdul Hadi Shamim, General Secretary of Gazipur City Bangabandhu Parishod were present as special guest.

Special banner on this regard was displayed at the BRRI headquarter as well as all the regional stations of the institute and special doa as well as munajat was offered seeking for eternal peace for the departed souls of the martyrs.

August 15 was the darkest day in the history of independent Bangladesh as the architect of the country’s independence and Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and most of his family members were brutally gunned down by some disgruntled army men on this day in 1975.

# Discussion Meeting and prayer on the occasion of National Mourning Day




Discussion meeting and special prayer programmes were held at BRRI on 22 August 2023 in Gazipur as a part of the month long programmes for observing Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman's 48th death Anniversiry and National Mourning Day in a befitting manner. State Minister of Youth and Sports Md Zahid Ahsan Russel MP was the Chief Guests in the discussion meeting while BRRI Director General Dr Md Shahajan Kabir presided.




BRRI Director General Dr Md Shajahan Kabir is delivering his speach at the National Mourning Day discussion meeting.

## Photographs of the programme organized on the occasion of the National Mourning Day

















# Photographs of the programme organized on the occasion of the National Mourning Day





















**উপদেষ্টামণ্ডলী**
ড. মো. শাহজাহান কবীর
ড. মোহাম্মদ খালেকুজ্জামান
ড. মো. আব্দুল লতিফ

**সম্পাদনায়**
মো. রাশেদুল রানা
রকিব আহমেদ

**সহযোগিতায়**
সকল বিভাগীয় প্রধান ও
সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ

**ছবি**
মো. মাসুম রানা

**গ্রাফিক্স ডিজাইন**
আবুল হাছান

**মুদ্রণ**
তিথী প্রিন্টিং এন্ড প্যাকেজিং
মতিঝিল, ঢাকা।

কপি সংখ্যা: ২,০০০

প্রকাশনা নম্বর: ৪০৪

প্রকাশকাল: সেপ্টেম্বর ২০২৩




An exhange meeting was held on 17 September 2023 between the delegation of Bangladesh Machine Tools Factory (BMTF) and Bangladesh Rice Research Institute (BRRI) on ‘Preparation of Marketing of domestically appropriate advanced agricultural machinery.

## Seminar held in BRRI during July to September 2023

| Speaker | Topic | Date |
|---|---|---|
| **Tuhin Halder**<br>SSO, Plant Physiology Division, BRRI | Pre-harvest sprouting in Rice: Causes and control | 06 Jul |
| **Dr Hirendra Nath Barman**<br>SSO, Plant Physiology Division, BRRI | CRISPR/Cas9-Mediated Targeted Mutagenesis of *OsRR22* for Salinity Tolerance in Rice. | 13 Jul |
| **Palash Kumar Kundu**<br>SSO, IWM Division, BRRI | Feasibility of Solar Pump for Irrigated Rice in Bangladesh | 20 Jul |
| **Shah Ashadul Islam**<br>SSO, Agronomy Division, BRRI | Bridging of omics with agronomic traits | 27 Jul |
| **Shampa Das Joya**<br>SO, Biotechnology Division, BRRI | Application of Tissue Culture Techniques to the Improvement of Rice | 03 Aug |
| **Dr Umme Aminun Naher**<br>PSO, Soil Science Division, BRRI | Microbial Characterization of Different AEZ Soils of Bangladesh | 10 Aug |
| **Dr A.T.M. Sakhawat Hossain**<br>PSO, Soil Science Division, BRRI | Determination of Critical Limit of Nutrients for Soils and Rice | 17 Aug |
| **Dr Partha S. Biswas**<br>CSO & Head, GRS Division, BRRI | Impact of application of modern breeding strategies on genetic improvement of rice for favorable Boro and cold environment | 24 Aug |
| **Dr Avishek Datta**<br>Professor and Head of the Department of Food, Agriculture and Bio-resources, School of Environment, Resources and Development, Asian Institute of Technology Thailand. | Technical Innovations for Rice Production by AIT Thailand. | 31 Aug |
| **Dr Md Nazmul Bari**<br>PSO, Entomology Division, BRRI | Integrated Pest Management in Rice | 07 Sep |
| **Mizanur Rahman (Zami)**<br>DPhil Researcher on Archeological Science, University of Oxford, London and Associate Professor, Dept of Archaeology, Jahangirnagar University, Bangladesh. | বাংলাদেশের ধান ও ধান চাষের ইতিহাস অনুসন্ধান | 18 Sep |
| **Adam Price**<br>Professor, Dept of Plant Molecular Genetics, School of Biological Sciences, University of Aberdeen, UK. | Exploring the Genetic Diversity of Aus Rice from NE India and Bangladesh | 19 Sep |
| **Dr Md Kamal Uddin**<br>Associate Professor, Department of Land Management, Faculty of Agriculture University, Putra Malaysia. | Keywords Sequence Importance (KSI): Friendly approach for quality thesis and fast publication | 21 Sep |


প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১ থেকে প্রকাশিত ও প্রচারিত।


ফোন: ৪৯২৭২০৬১, পিএবিএক্স: ৪৯২৭২০০৫, ৪৯২৭২০১০-১৫, ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৭২০০০
ই-মেইল: dg@brri.gov.bd, brrihq@yahoo.com, ওয়েবসাইট: www.brri.gov.bd, www.knowledgebank-brri.org